বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
কর্মী-প্রশাসন শাখা
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৫.০১.২৬৭২.১২৫.১১.০১৬.১৬.১২৬০

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩১
২৬ নভেম্বর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে http://bpatc.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | পরিসংখ্যান সহকারী (গ্রেড-১২) ১১৩০০-২৭৩০০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | অন্যতম বিষয় হিসাবে পরিসংখ্যান/গণিতসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি এবং সেই সঙ্গে সংশিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | ক্যাটালগার (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ৩. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০২ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সাঁটলিপি গতিঃ<br>বাংলা - প্রতি মিনিটে সর্বনিম্ন – ৪৫ শব্দ<br>ইংরেজী - প্রতি মিনিটে সর্বনিম্ন – ৭০ শব্দ<br>গ) মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN font এ)<br>বাংলা - প্রতি মিনিটে সর্বনিম্ন – ২৫ শব্দ<br>ইংরেজী - প্রতি মিনিটে সর্বনিম্ন – ৩০ শব্দ |
| ৪. | ডরমিটরী সুপারভাইজার (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ০১ | দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৫. | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০/- | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ০৩ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ৬. | টাইপিস্ট/কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০২ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN font এ)<br>বাংলা - প্রতি মিনিটে সর্বনিম্ন – ২০ শব্দ<br>ইংরেজী - প্রতি মিনিটে সর্বনিম্ন – ২০ শব্দ |
| ৭. | টেলিফোন অপারেটর (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের সার্টিফিকেট। |
| ৮. | গাড়ীচালক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ৩ বৎসরের অভিজ্ঞতাসহ অবশ্যই মোটরযান চালানোর বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |
| ৯. | গ্যারেজ মেকানিক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ০১ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় পাশ<br>খ) সরকার কর্তৃক অনুমোদিত ইনস্টিটিউট হইতে অটোমোবাইল ট্রেড কোর্স পাস।<br>গ) ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১০. | ফটোকপি অপারেটর (গ্রেড-১৮) ৮৮০০-২১৩১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০৫ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

CamScanner

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১১. | ক্যাফেটেরিয়া ওয়েটার (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া এবং কোন খ্যাতনামা সংস্থায়, বেসরকারী প্রতিষ্ঠানে বা হোস্টেলে বা রেস্তোরায় রান্নার কাজে অবশ্যই ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১২. | মালী (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০২ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪. | ক্রীড়া পিয়ন (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫. | বার্তা বাহক (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬. | কক্ষ বেয়ারার (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০২ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭. | রুমবয় (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮. | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১৯ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯. | ক্লাসরুম অ্যাটেনডেন্ট (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০. | লাইব্রেরী অ্যাটেনডেন্ট (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০৩ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১. | ক্লাব অ্যাটেনডেন্ট (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২. | পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | অনূর্ধ্ব ৩২ বৎসর | ০৮ | ৮ম শ্রেণী পর্যন্ত লেখাপড়া অথবা পেশাদার ঝাড়ুদার। |

<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:</u>

১। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উপর্যুক্ত সারণীর ক্রমিক নং ০৪,০৫,০৯ ব্যতীত অন্যান্য ক্রমিক নং-এর ক্ষেত্রে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর। এবং ০৪,০৫,০৯ নং ক্রমিকের ক্ষেত্রে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩৫ (পঁয়ত্রিশ) বছর হবে। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২ জুন ২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং ০২ মার্চ ২০১০ তারিখে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

i. এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

CamScanner

ii. অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত' সিজিপিএ এর ক্ষেত্রে-

(ক) বিশ্ববিদ্যালয় যে স্কেলে (৪ অথবা ৫) সিজিপিএ প্রদান করে সেই সিজিপিএ স্কেলকে ৮০% এর সমান নম্বর ধরতে হবে।
(খ) উক্ত নম্বরের অনুপাতে অর্জিত সিজিপিএ এর নম্বরকে শতকরা নম্বরে রূপান্তর করতে হবে।
(গ) উপরি-উক্ত পদ্ধতিতে রূপান্তরিত শতকরা নম্বরের ভিত্তিতে নিম্নরূপে বিভাগ/শ্রেণী নির্ধারণ করতে হবে।

| নিরূপিত নম্বর ব্যাপ্তি (শতকরা হারে) | সমতূল্য শ্রেণী/বিভাগ |
|---|---|
| ৬০% বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণী/বিভাগ |
| ৪৫% বা ততোধিক কিন্তু ৬০% এর কম | দ্বিতীয় শ্রেণী/বিভাগ |
| ৩৩% বা ততোধিক কিন্তু ৪৫% এর কম | তৃতীয় শ্রেণী/বিভাগ |

অর্থাৎ কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪ অথবা ৫ স্কেলে সিজিপিএ প্রদত্ত হয়ে থাকলে, উপরি-উক্ত (ii) (ক) ও (ii) (খ) অনুসারে শতকরা হার নিরূপণের জন্য নিম্নের সূত্রটি ব্যবহার করতে হবে:

সূত্র: $\frac{৮০}{\text{বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সিজিপিএ স্কেল (ক্ষেত্রমত, ৪, বা ৫)}} \times$ অর্জিত সিজিপিএ= অর্জিত শতকরা নম্বর

৩। অনলাইনে আবেদনের নিয়মাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpatc.teletalk.com.bdএই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/১২/২০২৪ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।
Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬/১২/২০২৪ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel)ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৫.০০ টাকা (অফেরতযোগ্য), মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা, ২-৯ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা (অফেরতযোগ্য), মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ১০-২২ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা (অফেরতযোগ্য), মোট ১১২/-(একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।

প্রথম SMS: BPATC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BPATC ABCDEF
Reply: Applicant's Name, Tk 335/-, Tk-223/- Or Tk-112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPATC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BPATC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BPATC YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPATC Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpatc.teletalk.com.bdওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়াএবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

CamScanner

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

BPATC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BPATC Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

BPATC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BPATC Help PIN 12345678 & send to 16222.

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার/মেয়র/কাউন্সিলর কিংবা সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৬। গাড়ীচালক পদের ক্ষেত্রে প্রার্থীদের গাড়ী চালনার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং গাড়ী চালনায় দক্ষ হতে হবে। প্রার্থীদেরকে এ বিষয় লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৭। সরকারের জারিকৃত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র প্রদান করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত প্রমাণকের মূলকপি মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮। আবেদনকারী মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান হলে, সেক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্তবলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর নিজস্ব ওয়েবসাইটে www.bpatc.gov.bd এবং http://bpatc.teletalk.com.bd অথবা রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ওয়েবসাইটে প্রবেশ করে অথবা QR code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

১৪। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd অথবা diradmin@bpatc.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BPATC, Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

**ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনটি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর টেলিটক পোর্টালের QR Code

২৬/১১/২০২৪
(শামীম আহমেদ)
পরিচালক (প্রশাসন)
বিপিএটিসি, সাভার, ঢাকা
টেলিফোনঃ ০২-৭৭৪৫০২৩

CamScanner